

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৭৮

উদয়পুর, ১৫ নভেম্বর, ২০২৩

উদয়পুরে জনজাতীয় গৌরব দিবস উদযাপন

আগরতলায় অনুষ্ঠিত জনজাতীয় গৌরব দিবস উদযাপন, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা আজ গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে আয়োজিত এক অনুষ্ঠানে সরাসরি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। সংক্ষিপ্ত আলোচনায় তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার লক্ষ্যে সমাজের অস্তিম ব্যক্তির কাছে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা পৌছে দেওয়ার লক্ষ্যে এই কর্মসূচি রূপায়নের উদ্যোগ গ্রহণ করেছেন। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুফল সবার কাছে পৌছে দিতে তিনি আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক অভিযেক দেবরায়, জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, মহকুমা শাসক এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা।
